দৈনিক ইত্তেফাক

তারিখ 25 SEP 1998
পৃষ্ঠা ... কলাম ...

# মেধা তালিকায় ৩৭০ জন

রেজানুর রহমান ॥ দেশের ৫টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় ৩০০টি মেধা তালিকায় একক এবং যুগ্মভাবে ৩৭০ জন ছাত্র-ছাত্রী স্থান অধিকার করিয়াছে। তুলনামূলক বিচারে ক্যাডেট কলেজসমূহের

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ৩৭০ জন

(প্রথম পৃষ্ঠার পর)

ফলাফল খুবই ভাল। ৫টি বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে বিজ্ঞান শাখায় ৩০ জন মানবিক শাখায় ২২ জন এবং বাণিজ্য শাখায়ও ২২ জন মেধা তালিকা অর্জন করিয়াছে। ঢাকা কলেজ, মির্জাপুর ক্যাডেট কলেজ, নটরডেম কলেজ, ভিকারুননিসা নূন কলেজ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা সিটি কলেজসহ বেশ কয়েকটি কলেজের ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় বেশ ভাল করিয়াছে।

যশোর শিক্ষা বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজ অতীতের সুনাম অক্ষুণ্ন রাখিয়াছে। ইহার পাশাপাশি ঝিনাইদহ ক্যাডেট কলেজের ফলাফল বেশ সন্তোষজনক। যশোর বোর্ডের মেধা তালিকায় বিজ্ঞান শাখায় ২৭ জন, মানবিক শাখায় ২৪ জন এবং বাণিজ্য শাখায় ২৪ জন স্থান লাভ করিয়াছে। রাজশাহী বোর্ডের ৬০টি মেধা তালিকায় ৭২ জন স্থান লাভ করিয়াছে। এই বোর্ডে রাজশাহী ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ, আযীযুল হক কলেজসহ বেশ কয়েকটি কলেজের ছাত্র-ছাত্রীরা ভাল করিয়াছে।

কুমিল্লা বোর্ডের ৬০টি মেধা তালিকায় ৭৪ জন স্থান পাইয়াছে। এই বোর্ডে কুমিল্লা ক্যাডেট কলেজ, সিলেট কলেজ, জুরানপুর আদর্শ কলেজ, ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজসহ বেশ কয়েকটি কলেজের ছাত্র-ছাত্রীদের ফলাফল বেশ ভাল।

চট্টগ্রাম বোর্ডের ৬০টি মেধা তালিকায় ৭৭ জন স্থান পাইয়াছে। চট্টগ্রাম কলেজ, ফৌজদারহাট ক্যাডেট কলেজসহ বেশ কয়েকটি কলেজের ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় ভাল করিয়াছে। ৫টি বোর্ডের মধ্যে রাজশাহী বোর্ডে পাসের হার সবচাইতে বেশী (৫১ দশমিক ৭৭)। পাসের হার সবচাইতে কম চট্টগ্রাম বোর্ডে (৩৯ দশমিক ১৩)।